

# সমকাল

## বিজ্ঞান জাদুঘরে বুলেটপ্রুফ গাড়ি

প্রকাশ: ২৫ জানুয়ারি ২৩ | ০০:০০ | আপডেট: ২৫ জানুয়ারি ২৩ | ১২:১৬ | প্রিন্ট সংস্করণ

শৈলী ডেস্ক



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রদর্শনী বস্তু হিসেবে একটি বুলেটপ্রুফ গাড়ি সংযোজন করা হয়েছে। মার্সিডিজ বেঞ্জের এ গাড়িটি সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে সংগ্রহ করা হয়েছে। এ গাড়িটি বিজ্ঞান জাদুঘরে সংগ্রহের উদ্যোগ নেয় জাদুঘর কর্তৃপক্ষ। গাড়িটিকে বিজ্ঞান জাদুঘরের শিল্পপ্রযুক্তি গ্যালারি সংলগ্ন লবিতে স্থাপন করা হয়েছে। গাড়িটির মূল্য প্রায় ছয় কোটি টাকা এবং ওজন সাড়ে ৩ মেট্রিক টন। গাড়িটিকে বিজ্ঞান জাদুঘর কর্তৃপক্ষ একটি প্ল্যাটফর্মে বসিয়ে তা দর্শকদের জন্য নান্দনিকভাবে প্রদর্শনী উপযোগী করার উদ্যোগ নিয়েছে।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ব্যবহৃত এ গাড়িটি বিজ্ঞান জাদুঘরের প্রদর্শনী বস্তুর ইতিহাসে এক গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে ইতিহাস রচনা করবে বলে আশাবাদ ব্যক্ত করে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, 'বুলেটপ্রুফ গাড়ি বৈজ্ঞানিক উদ্ভাবনের একটি অনুষঙ্গ। রাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির কীভাবে এসব গাড়িতে সুরক্ষিত থাকেন, সে সম্পর্কে

সাধারণ মানুষের ধারণা থাকা প্রয়োজন। বুলেটপ্রুফ গাড়ি কীভাবে সুরক্ষিত থাকে তা বিজ্ঞান শিক্ষার্থীদের এক অজানা অধ্যায়। সময়ের পরিক্রমায় এসব যানবাহন বা বস্তু ইতিহাসের অংশ হয়ে থাকে। সে ইতিহাস ও ঐতিহ্যকে সংরক্ষণ করা জাদুঘর ব্যবস্থাপনার গুরুত্বপূর্ণ দিক।' া

---

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com